

বিসিএস পরীক্ষার হলে ঘড়ি নিষিদ্ধ

নিজস্ব প্রতিবেদক •
প্রিলিমিনারিতে ক্যালকুলেটর ব্যবহারে
নিষেধাজ্ঞা দেওয়ার পর এবার
বিসিএস পরীক্ষায় ঘড়ি ব্যবহারে
নিষেধাজ্ঞা দিয়েছে সরকারি
কর্মকমিশন (পিএসসি)। গতকাল
কমিশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ
তথ্য জানিয়ে বলা হয়, বিসিএসের
পরীক্ষার হলে প্রার্থীদের সময় জানতে
দেয়াল ঘড়ি রাখা হবে।
পিএসসির কর্মকর্তা আলমগীর
হোসেন এরপর পৃষ্ঠা ১১, কলাম ৩

বিসিএস পরীক্ষার

(প্রথম পৃষ্ঠার পর) জানান, ঢাকার
১০৭টিসহ দেশের ১৬২টি কেন্দ্রে ৮
জানুয়ারি ৩৬তম বিসিএসের প্রিলিমিনারি
পরীক্ষা হবে। সারা দেশের ২ লাখ ১১
হাজার ৩২৬ জন সরকারি চাকরিপ্রত্যাশী এ
পরীক্ষায় অংশ নেবেন। গত ৩৫তম
বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষা থেকে
ক্যালকুলেটরসহ বিভিন্ন ধরনের ইলেকট্রনিক
ডিভাইস ব্যবহারে নিষেধাজ্ঞা দেয় পিএসসি।
ঘড়ি ব্যবহারে নিষেধাজ্ঞা থাকায় সব
পরীক্ষার হলেই পিএসসি প্রয়োজনীয়সংখ্যক
দেয়াল ঘড়ির ব্যবস্থা করবে। এবারও
মোবাইল ফোন, সব ধরনের ইলেকট্রনিক
যোগাযোগ যন্ত্র, ক্যালকুলেটর, বই ও ব্যাগ
নিয়ে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করা যাবে না
বলে পিএসসির বিজ্ঞপ্তিতে জানানো হয়।
শুক্রবার সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১১টা
পর্যন্ত প্রিলিমিনারি পরীক্ষা হবে। এই
বিসিএসের মাধ্যমে প্রথম শেফির গেজেটেড
কর্মকর্তার দুই হাজার ১৮০টি পদে লোক
নিয়োগ হবে।